

বন্ডেড  
প্রতিষ্ঠানের ক্ষেত্রে  
নগদ সুবিধা প্রাপ্তির সুযোগ  
আছে  
কিনা?

রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুদ্ধ, বন্ড ও ডিউটি ড্র ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা প্রদানের প্রথা ১৯৯৬-১৯৯৭ সাল হতে অনুসরণ হচ্ছে। নগদ সহায়তা প্রাপ্তি সম্পর্কে বাংলাদেশ ব্যাংক এফআই সার্কুলার নং- ৫ তারিখ: ২০/০৪/১৯৯৭, এফআই সার্কুলার নং-৯ তারিখ: ০৫/০৩/২০১১, এফআই সার্কুলার নং-

২৭ তারিখ: ২/১০/২০০১ ও এফআই সার্কুলার নং-৭ তারিখ: ০৩/০৬/২০০৩ এর মাধ্যমে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেছেন। কিন্তু বন্ডেড প্রতিষ্ঠান বিকল্প আর্থিক সুবিধা প্রাপ্তির সুযোগ আছে কিনা এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে ১৯/০৭/০৬ তারিখে বাংলাদেশ ব্যাংক ও বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সমিতির প্রতিষ্ঠানের সাথে একটি আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনার কার্যবিবরণী জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-২(৫)শুদ্ধ: রপ্তানি ও বন্ড/২০০৬ তারিখ: ২০/০৭/২০০৬ জারী করা হয়। এতে নিম্নরূপ সিদ্ধান্ত হয় :-

- (১) নগদ সহায়তার জন্য প্রতিপাদ্য হলো সংশ্লিষ্ট উপরকণ স্থানীয় উৎস হতে সংগৃহীত কি-না কোন প্রতিষ্ঠান স্থানীয় উৎস হতে সংগৃহীত উপকরণ (নগদ সহায়তাযোগ্য) ব্যবহার করে থাকলে এবং তা বন্ডের আওতায় সংগৃহীত না হলে অথবা তার উপর প্রত্যর্পণ দাবী করা না হলে, ঐ সকল উপকরণের বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য হবে;
- (২) স্থানীয় উপকরণের সাথে উৎপাদনের যে কোন পর্যায়ে বন্ডের আওতায় সংগৃহীত উপকরণ ব্যবহার করা হলেও নগদ সহায়তা প্রাপ্য হবে। সে ক্ষেত্রে বন্ড সুবিধার আওতায় সংগৃহীত উপকরণ নগদ সহায়তা পরিগণনা হতে বাদ দিতে হবে।